## ৭.৬. সরল বস্তুবাদ ও প্রতিরূপী বস্তুবাদের মধ্যে তুলনামূলক আলোচনা (Distinction between Naive Realism and Representative Realism)

সরল বস্তুবাদ ও প্রতিরূপী বস্তুবাদের মধ্যে কিছু মিল ও অমিল আছে। যেমন—

মিল ঃ

(১) বস্তুবাদের প্রকাররূপে উভয়েই স্বীকার করে যে, বস্তুজগতের অস্তিত্ব মনোনিরপেক্ষ, অর্থাৎ **মনের বাইরে বস্তুজগৎ আছে**। আমাদের মনের ওপর বা আমাদের জানার ওপর বস্তুজগতের অস্তিত্ব নির্ভর করে না।

(২) উভয় মতবাদে **বহুত্ববাদ প্রচারিত হয়েছে**। উভয় মতবাদেই বলা হয়েছে যে, আমাদের মনের বাইরে যে জগৎ সেখানে অসংখ্য বস্তু আছে। যেমন—গাছপালা, নদীনালা, পাহাড়-পর্বত, বাড়িঘর ইত্যাদি।

(৩) উভয় মতবাদে জ্ঞানীয় সম্বন্ধকে অর্থাৎ **জ্ঞাতার সঙ্গে জ্ঞানের বিষয়ের সম্বন্ধকে 'বাহ্যিক সম্বন্ধ' বলা হয়েছে,** যেখানে সম্বন্ধ ছিন্ন হলেও জ্ঞাতা অথবা জ্ঞানের বিষয়ের অস্তিত্ব ক্ষুণ্ণ হয় না, স্বতন্ত্রভাবে তাদের উভয়েরই অস্তিত্ব থাকে।

Scanned by CamScanner

(৪) উভয় মতবাদেই **বস্তুকে গুণবিশিষ্টরূপে গণ্য করা হয়েছে**—বস্তু যেমন মনের বাইরে আছে, তেমনি সেই বস্তুতে কতকগুলি গুণও আশ্রিত হয়ে আছে।

**অমিল ঃ**

(১) সরল বস্তুবাদ সাধারণ মানুষের সহজ সরল মতবাদ। প্রতিরূপী বস্তুবাদ বৈজ্ঞানিক চিন্তাধারার ওপর নির্ভরশীল মতবাদ।

(২) সরল বস্তুবাদ অনুসারে **বস্তুর সব গুণই বস্তুতে আশ্রিত**। প্রতিরূপী বা বৈজ্ঞানিক বস্তুবাদে বস্তুর দুই প্রকার গুণের উল্লেখ আছে—মুখ্য গুণ ও গৌণ গুণ। প্রতিরূপী বস্তুবাদ অনুসারে, **মুখ্য গুণগুলি বস্তুতে আশ্রিত বা বস্তুগত** হলেও গৌণ গুণগুলি সঠিক অর্থে বস্তুগত নয়, তারা অনেকাংশে ব্যক্তিমনের ওপর নির্ভরশীল।

(৩) সরল বস্তুবাদে বস্তুর 'প্রত্যক্ষজ্ঞান' স্বীকৃত। এই মতে, আমাদের প্রত্যক্ষ-অভিজ্ঞতায় আমরা বস্তুকে সরাসরি জানি। পক্ষান্তরে, প্রতিরূপী বস্তুবাদে বস্তুর পরোক্ষজ্ঞান স্বীকৃত। এই মতে, **বস্তুকে আমরা পরোক্ষভাবে জানি**—বস্তুসৃষ্ট সংবেদন বা ধারণার মাধ্যমে জানি।

(৪) বস্তুজ্ঞানকে প্রত্যক্ষজ্ঞানরূপে গণ্য করায় সরল বস্তুবাদ অনুসারে, আমাদের অপরোক্ষ **বস্তুজ্ঞান সব ক্ষেত্রেই অভ্রান্ত হয়—প্রত্যক্ষ অভিজ্ঞতায় বস্তুকে আমরা অবিকৃতরূপে** জানি; অর্থাৎ বস্তু যেমনটি থাকে তাকে ঠিক সেভাবেই জানি। পক্ষান্তরে, বস্তুজ্ঞানকে পরোক্ষরূপে গণ্য করায় প্রতিরূপী বস্তুবাদ অনুসারে, জ্ঞানমাত্রই অভ্রান্ত নয়। যেখানে আমাদের প্রত্যক্ষ-অনুভবলব্ধ ধারণার সঙ্গে বস্তুর মিল হয় সেখানেই কেবল জ্ঞান সত্য হয়, আর যেখানে ঐসব ধারণার সঙ্গে বস্তুর মিল হয় না সেখানে জ্ঞান মিথ্যা হয়।

(৫) সরল বস্তুবাদ অনুসারে বস্তুজ্ঞান অপরোক্ষ হওয়ায়, গুণসমন্বিত বস্তুকে আমরা সরাসরি এবং অবিকৃতরূপে জানি। প্রতিরূপী বস্তুবাদ অনুসারে বস্তুজ্ঞান পরোক্ষ হওয়ায়, আমরা সরাসরি কেবল সংবেদন বা ধারণাকেই জানি, ঐসব ধারণার কারণ **যে বস্তু বা জড়দ্রব্য তাকে আমরা জানতে পারি না**। প্রতিরূপী বস্তুবাদী লক্ তাই বলেছেন, '**জড়দ্রব্য থাকলেও তা আমাদের কাছে অজ্ঞাত এবং অজ্ঞেয়**।'

Scanned by CamScanner